37

তারিখ ... 16 MAR. 1997 ... ..
পৃষ্ঠা ৭ কলাম ... ২ ......

দৈনিক ইনকিলাব

পরীক্ষার্থীরা ছুটছে প্রশ্নের পেছনে ঃ বিভিন্ন স্থানে গাড়ী ভাংচুর ঃ পরীক্ষা চলবে

# পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে অনিশ্চয়তা এসএসসি পরীক্ষা নিয়ে সঙ্কট ঘনীভূত

*ইনকিলাব রিপোর্ট ঃ চলতি এসএসসি পরীক্ষা নিয়ে যে সঙ্কটের সৃষ্টি হয়েছে, তা ক্রমেই ঘনীভূত হচ্ছে। উদ্বেগ আর অনিশ্চয়তায় ঘিরে ধরেছে দেশব্যাপী ছাত্র-ছাত্রী, শিক্ষক এবং অভিভাবক মহলকে। কর্তৃপক্ষ সুনির্দিষ্ট প্রমাণের ভিত্তিতে শুধুমাত্র ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষা বাতিল করেছেন। কিন্তু ইতিমধ্যেই অঙ্কসহ প্রায় সবক'টি বিষয়ের প্রশ্ন ফাঁস হয়ে গেছে বলে পত্র-পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে। এ অবস্থায় পরীক্ষা অনুষ্ঠিত হলে প্রকৃত মেধা যাচাই কতটা যথাযথ হবে— তা নিয়ে ইতিমধ্যেই বিভিন্ন মহল থেকে প্রশ্ন উঠেছে। কর্তৃপক্ষ অবশ্য গত রাতে জানিয়ে দিয়েছে যে, পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। যদি কোন বিষয়ে প্রশ্নপত্র ফাঁসের সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া যায়, কেবল মাত্র সে বিষয়ের পরীক্ষা বাতিল হবে।*

*এদিকে পরীক্ষার্থীরা চরম অনিশ্চয়তার মধ্যে*

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

# এসএসসি পরীক্ষা নিয়ে সঙ্কট ঘনীভূত পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে অনিশ্চয়তা

প্রথম পৃষ্ঠার পর

পড়ার টেবিল ছেড়ে প্রশ্নের সন্ধানে বিভিন্ন স্থানে ছুটে বেড়াচ্ছে। আসল কি নকল তা যাচাই-বাছাইয়ের সুযোগ না রেখে যেখানে থেকে যাই পাচ্ছেন তাই কিনে নিচ্ছেন। বিভিন্ন জন এ সুযোগে প্রতারণার ফাঁদও পেতে বসেছেন। আর এই ফাঁদে পড়ে কোমলমতি ছাত্র-ছাত্রীরা হচ্ছেন বিভ্রান্ত। এই প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় বিভিন্ন স্থানে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা গতকাল রাস্তায় ব্যারিকেড দিয়েছে, সভা-মিছিল করেছে, গাড়ী ভাঙচুর করছে। এবারের এই প্রশ্নপত্র ফাঁসের ঘটনাকে বিভিন্ন মহল জাতীয় মেধা ধ্বংসের গভীর ষড়যন্ত্র বলে উল্লেখ করেছে। একটি সূত্রে জানা গেছে, প্রশ্ন ফাঁস করার পেছনে একটি সঙ্ঘবদ্ধ চক্র কাজ করছে। চক্রটি প্রশ্ন প্রণেতা এবং বিজি প্রেস ট্রেজারি ও পরীক্ষা কেন্দ্রের কর্মকর্তাদের সাথে সম্পর্ক রেখে প্রশ্নপত্র ফাঁস করে একটি বিপুল অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছে।

পরীক্ষার প্রশ্ন ফাঁসের ঘটনা তদন্তে শিক্ষা মন্ত্রণালয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আমিনুল ইসলামকে প্রধান করে পাঁচ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে। ঘটনা তদন্ত করে একটি প্রতিবেদন পাঠানোর জন্য ঢাকা বোর্ডের মূল্যায়ন অফিসার জনাব আবুল খায়ের খান, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব নজরুল ইসলাম ও সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব ফয়েজ খানকে নিয়ে তিন সদস্যের অপর একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

রাজধানীর প্রথম গ্রেডের ২/৩টি স্কুলের প্রধান শিক্ষক এবং এসএসসি পরীক্ষার কেন্দ্র সচিব-এর সাথে কথা হলে তারা বলেন, এসএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁসের ঘটনা অভিন্ন পশ্নপত্রের পরীক্ষার ক্ষেত্রে দুর্যোগময় পরিস্থিতির সৃষ্টি করেছে। ফাঁস করা প্রশ্ন দিয়ে পরীক্ষা হলে তা বাতিল না করলে যেমনি বিপর্যয় ঘটবে, তেমনি চলতি পরীক্ষা বন্ধ করে দিলেও বিপর্যয় ঘটবে। নতুন করে সব পরীক্ষা নেয়ার সুযোগ কম। এতে যেমনি সেশন জট সৃষ্টি হতে পারে তেমনি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা কার্যক্রমে বিঘ্ন ঘটবে।

গতকাল রাতে শিক্ষামন্ত্রী জনাব এএসএইচকে সাদেক-এর সাথে কথা হলে তিনি বলেন (পরীক্ষার প্রশ্ন ফাঁসের ঘটনা প্রমাণিত না হওয়া পর্যন্ত চলতি এসএসসি পরীক্ষা অব্যাহত থাকবে। পরীক্ষা স্থগিত করে দেয়ার মত সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া যায়নি। তিনি বলেন, প্রশ্নপত্র ফাঁসের ঘটনা এবং সূত্র খুঁজে বের করতে ব্যাপক ব্যবস্থা নেয়া হয়েছে। এ ক্ষেত্রে কাজ করতে পুলিশ, জেলা প্রশাসন এবং বোর্ডসমূহকে নির্দেশ দেয়া হয়েছে। ইংরেজী প্রথম পত্র পরীক্ষা প্রসঙ্গে তিনি বলেন, মন্ত্রণালয় একটি তদন্ত কমিটি গঠন করেছে। ইংরেজী প্রথম পত্র পরীক্ষার ফাঁস হওয়া প্রশ্ন তদন্ত করে কমিটি সিদ্ধান্ত নিবে– ইংরেজী প্রথম পত্র পরীক্ষা বহাল থাকবে না বাতিল হবে।

## গাজীপুর

গাজীপুর থেকে জেলা সংবাদদাতা জানান, চলতি সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং পরীক্ষা স্থগিত করার ঘটনার প্রতিবাদে গতকাল (শনিবার) সকালে গাজীপুরের চান্দনা চৌরাস্তায় এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলকারীরা ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে একাধিক ব্যারিকেড সৃষ্টি করে এবং বেশকিছু গাড়ী ভাংচুর করে। ফলে ঢাকা-টাঙ্গাইল, ঢাকা-গাজীপুর, ঢাকা-ময়মনসিংহ, ঢাক-কিশোরগঞ্জ, ঢাকা-নেত্রকোনাসহ উত্তরাঞ্চলের ৭টি রুটের শত শত বাস-ট্রাকসহ বিভিন্ন যানবাহন দু'দিকে আটকা পড়ে। ফলে শত শত বাসযাত্রী এক সীমাহীন দুর্ভোগের স্বীকার হয়। উক্ত রুটে প্রায় ৩ ঘন্টা যানবাহন চলাচল বন্ধ থাকে। স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপে পুনরায় যানবাহন চলাচল শুরু করে। সাবেক ছাত্র সংগ্রাম পরিষদ নেতা আইনজীবী আবেদ রাজা এক বিবৃতিতে এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গভীর ক্ষোভ প্রকাশ করে এটাকে জাতীয় মেধা ধ্বংসের ষড়যন্ত্র বলে আখ্যায়িত করেন। তিনি প্রশ্নপত্র ছাপানো ও সংরক্ষণের সাথে জড়িত সকলকে গ্রেফতারপূর্বক তদন্ত এবং শিক্ষামন্ত্রী ও সচিবের পদত্যাগ দাবী করেন। তিনি ছাত্র ও অভিভাবকদের দ্বিধা-দ্বন্দ্বে না রেখে বর্তমান এসএসসি পরীক্ষা বাতিল করে নতুন প্রশ্নপত্রে পুনরায় পরীক্ষা নেয়ার তারিখ ঘোষণার জন্য সরকারের নিকট দাবী জানান।

## সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট

এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তীব্র নিন্দা জানিয়েছেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি নুরুল ইসলাম ও সাধারণ সম্পাদক সাইফুর রহমান তপন।

## বাংলাদেশ ইসলামী ছাত্রসেনা

এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় বাংলাদেশ ইসলামী ছাত্রসেনা মতিঝিল থানা শাখার নেতৃবৃন্দ গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

## নরসিংদী

নরসিংদী থেকে সরকার আদম আলী জানান, গতকাল এসএসসি পরীক্ষা দিতে এসে নরসিংদী জেলার বিভিন্ন কেন্দ্র থেকে কয়েক হাজার পরীক্ষার্থী তীব্র ক্ষোভ নিয়ে ফিরে গেছে। পরীক্ষা স্থগিতে সরকারী সিদ্ধান্তের হটকারিতায় বিভ্রান্ত হয়ে পরীক্ষার্থীরা কেন্দ্রগুলোতে হাজির হয়। নরসিংদী শহরের ব্রাহ্মণদী সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্রের বহুসংখ্যক পরীক্ষার্থী একত্রে সমবেত হয়ে পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত জানতে না পারায় তীব্র ক্ষোভ প্রকাশ করে সঠিক সময়ে সিদ্ধান্ত দিতে ব্যর্থ হওয়ায় তারা শিক্ষকমন্ত্রী এবং নরসিংদী জেলা প্রশাসনের বিরুদ্ধে বিভিন্ন শ্লোগান দেয়।